DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:14 PM

খেলা

# ফাইনালের আগে মেসির বিপক্ষে যে তিক্ত অভিজ্ঞতার কথা জানালেন স্প্যানিশ কোচ

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




বিশ্বকাপের মেগা ফাইনালে নামার আগে লিওনেল মেসিকে বোতলবন্দি করতে কোনো একক ডিফেন্ডার বা ম্যান-মার্কার নিয়োগ দেওয়ার পরিকল্পনা নাকচ করে দিয়েছেন স্পেনের হেড কোচ লুইস দে লা ফুয়েন্তে। আর্জেন্টিনার অধিনায়ক যখন কিশোর ফুটবলার ছিলেন, তখনকার একটি তিক্ত অভিজ্ঞতার কথা স্মরণ করেই এ সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে রোববারের (১৯ জুলাই) হাইভোল্টেজ ম্যাচের আগে সংবাদ সম্মেলনে স্প্যানিশ কোচ জানান, মেসিকে আটকানোর দায়িত্ব কোনো একজন খেলোয়াড়ের ওপর ছেড়ে দেওয়া হবে এক আত্মঘাতী সিদ্ধান্ত।

বার্সেলোনা ও সেভিয়ার মধ্যকার একটি অনূর্ধ্ব-১৮ কোপা দেল রের ম্যাচের স্মৃতিচারণ করে দে লা ফুয়েন্তে বলেন, সেভিয়া যুব দলে থাকার সময় মেসির বিরুদ্ধে আমার প্রথম দেখা। আমরা তখন এক ছেলেকে নিয়ে অনেক কথা শুনছিলাম, যার নাম ছিল মেসি। ম্যাচে আমরা তাকে কড়া ম্যান-মার্কিংয়ের সিদ্ধান্ত নিই। ৭০ মিনিট পর্যন্ত ম্যাচ ০-০ ছিল। কিন্তু মেসিকে যে খেলোয়াড়টি পাহারা দিচ্ছিল, সে হলুদ কার্ড দেখায়

আমি তাকে মাঠ থেকে তুলে নিই। এরপরের ১৫ মিনিটে মেসি একাই ৪ গোল করেছিল!□

কৈশোরের সেই শিক্ষা থেকেই দে লা ফুয়েন্তে স্পষ্ট করে দিয়েছেন, স্প্যানিশ রক্ষণভাগ দলগতভাবে মেসিকে সামলাবে। তিনি বলেন, □তার মানে কি আমরা তাকে ম্যান-মার্ক করব? না। কিন্তু আমরা কি তার ওপর কড়া নজর রাখব? অবশ্যই। তবে আর্জেন্টিনা দল আমাদের খেলোয়াড়দের ওপর যতটা নজর রাখবে, এটি তার চেয়ে বেশি কিছু নয়।□

স্পেনের ১৮ বছর বয়সি বিস্ময় বালক লামিন ইয়ামালের সঙ্গে মেসির তুলনা নিয়ে প্রশ্ন করা হলে দে লা ফুয়েন্তে বলেন, □লামিনকে লামিনের মতোই বিকশিত হতে দেওয়া উচিত। মেসি একজন অবিশ্বাস্য প্রতিভা এবং সব তরুণ ফুটবলারের রোল মডেল। তবে লামিনকে সাহায্য করার সেরা উপায় হলো তাকে নিজের মতো খেলতে দেওয়া এবং চাপমুক্ত রাখা।□

---

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...




**জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত**
ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




### টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয়...




### তিন ইনিংসে তিন ডাক লিটনের

অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/fainaler-age-mesir-bipkshe-je-tikt-obhijntar-ktha-janalen-spjanish-koch